# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

**BANGLADESH WATER DEVELOPMENT BOARD**

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) এর কার্যালয়
মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো
পানি ভবন, লেভেল-১,
৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
ফোনঃ ০২-২২২২৩০১৩০

www.bwdb.gov.bd

OFFICE OF THE SUPERINTENDING ENGINEER
DIRECTORATE OF
HUMAN RESOURCE DEVELOPMENT, BWDB
PANI BHABAN, LEVEL-1,
72 GREEN ROAD, DHAKA-1205.
Phone: 02-222230130
E-mail: dir.staff.bwdb@gmail.com

স্মারক নং-৪২.০১.০০০০.০৩০.১১.০১৫.২৩-১৪৯৫

তারিখঃ ১৮ অক্টোবর, ২০২৩ খ্রিস্টাব্দ
০২ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নে বর্ণিত শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online-এ দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম ও বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী) | শূন্য পদ (টি) | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | **সহকারী প্রকৌশলী (পুর)**<br>বেতন গ্রেড: ০৯<br>স্কেল: টাকা ২২০০০-৫৩০৬০ | ১১১ (একশত এগারো) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পুরকৌশল, পানি সম্পদ বা কৃষি কৌশল বিষয়ে স্নাতক ডিগ্রী অথবা উল্লিখিত বিষয়ে Associate Member of the Institute of Engineers (AMIE) এর সেকশন 'এ' ও 'বি' পরীক্ষায় উত্তীর্ণ;<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(খ) এমএস ওয়ার্ড, পাওয়ার পয়েন্ট ও এক্সেলসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা। |

২। উপরোক্ত পদে নিয়োগের ক্ষেত্রে সময় সময় বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত জনবল নিয়োগ সংক্রান্ত সকল বিধি-বিধান অনুসরণ করা হবে।

৩। আবেদন দাখিলের শেষ তারিখ ১৯/১১/২০২৩ খ্রিঃ, রবিবার (বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত)।

৪। উল্লিখিত পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। এ ক্ষেত্রে কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে। কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন/সকল দরখাস্ত বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৫। আগ্রহী প্রার্থীদের কেবলমাত্র Online-এ আবেদন ফরম পূরণ এবং দাখিল করতে হবে। Online-এর মাধ্যমেই পরীক্ষার ফি বাবদ অফেরতযোগ্য নীট ৬০০/- (ছয়শত) টাকা Payment করতে হবে। প্রার্থীকে বাপাউবো'র Online Recruitment Portal (orms.bwdb.gov.bd/orms) এ login করে Registration করতঃ আবেদন দাখিল করতে হবে এবং Payment সম্পন্ন করতে হবে। আবেদনপত্র দাখিল এবং পরীক্ষার ফি প্রদানের বিস্তারিত নিয়মাবলী উক্ত Portal-এ পাওয়া যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। **কোন আবেদনপত্র সরাসরি বা আবেদনের হার্ড কপি গ্রহণ করা হবে না।**

৬। Online-এ আবেদনপত্র দাখিলের সময় চাহিত সকল তথ্য নির্ভুল ও সততার সাথে পূরণ করতে হবে। দাখিলকৃত সকল তথ্য সঠিক এবং সত্য হিসেবে বিবেচিত হবে। প্রদত্ত তথ্য বা তার অংশবিশেষ অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা যে কোন পর্যায়ে কোন দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগ প্রাপ্তির পরও যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল হবে; এমনকি চাকুরী হতে বরখাস্ত করার ক্ষমতাও কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। উল্লেখ্য সেক্ষেত্রে ভবিষ্যতে বাপাউবো'র কোন নিয়োগ পরীক্ষায় আবেদন করার অযোগ্য ঘোষণাসহ তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

**সাধারণ নির্দেশাবলীঃ**

১। **Online-এ আবেদনপত্র পূরণ/দাখিল এবং পরীক্ষার ফি জমাদানের সময়সীমাঃ** ১৯/১১/২০২৩ খ্রিঃ, রবিবার বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত আবেদন দাখিল এবং পরীক্ষার ফি জমা দেয়া যাবে। ১৯/১১/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে শিক্ষাগত যোগ্যতার চূড়ান্ত ফলাফল প্রাপ্ত প্রার্থীগণই কেবলমাত্র আবেদন করার যোগ্য। Appeared/চূড়ান্ত ফলাফল প্রকাশিত হয়নি এরূপ প্রার্থীগণ কোনক্রমেই আবেদন করার যোগ্য নন।

২। **বয়সসীমাঃ** ০১/১০/২০২৩ খ্রিঃ তারিখে আবেদনকারীর বয়স ১৮ বছর থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সের উচ্চসীমা ৩২ (বত্রিশ) বৎসর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ

মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা (নাতি-নাতনি) প্রার্থীদের ক্ষেত্রে বয়স ১৮ বছর থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। সরকারের বিদ্যমান বিধি-বিধান বা আইন বা এতদসংক্রান্ত প্রজ্ঞাপন/সার্কুলার দ্বারা বিভাগীয় প্রার্থীর সংজ্ঞা নির্ধারণ হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এস.এস.সি./সমমান সনদপত্র ব্যতীত অন্য কোন প্রশংসা পত্র/এ্যাফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩। **লিখিত পরীক্ষা ও প্রবেশপত্রঃ** প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের নির্বাচনী লিখিত পরীক্ষায় অবতীর্ণ হতে হবে। নির্ধারিত সময়ের পর প্রার্থী তার User ID & Password ব্যবহার করে প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড এবং প্রিন্ট করতে পারবেন। লিখিত পরীক্ষার স্থান, তারিখ ও সময় যথাসময়ে বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

৪। **মৌখিক পরীক্ষা ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষাঃ** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে বিষয়ভিত্তিক ব্যবহারিক পরীক্ষায় অবতীর্ণ হতে হবে। মৌখিক/ব্যবহারিক পরীক্ষার স্থান, তারিখ ও সময়সূচী যথাসময়ে বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশ করা হবে। উল্লেখ্য, মৌখিক/ব্যবহারিক পরীক্ষার জন্য আলাদা কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।

৫। **প্রার্থীর ছবিঃ** প্রার্থীকে অবশ্যই সদ্য তোলা রঙ্গিন ছবি অনলাইনে আপলোড করতে হবে। ছবিতে কোন কালার ব্যাকগ্রাউন্ড ব্যবহার করা যাবে না। সাদা ব্যাকগ্রাউন্ডে সুস্পষ্ট মুখ মন্ডল সম্বলিত রঙ্গিন ছবি আপলোড করতে হবে। বিশেষভাবে উল্লেখ্য যে, সদ্য তোলা রঙ্গিন ছবি ব্যতিত অন্য ছবি ব্যবহার করা হলে কর্তৃপক্ষ প্রার্থীর বৈধতা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৬। **ডকুমেন্ট দাখিল সংক্রান্তঃ** আবেদনের সময় অন-লাইনে কোন প্রমাণক ডকুমেন্ট দাখিল করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের অর্থাৎ কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা কলামে উল্লিখিত সনদপত্র-নম্বরপত্রসহ সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে এবং মূলকপি প্রদর্শন করতে হবে। তাছাড়া, জাতীয় পরিচয় পত্র (NID), নাগরিকত্ব সনদ, প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ, বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান নির্ধারণী সার্টিফিকেটের সত্যায়িত কপি জমা দিতে হবে এবং মূলকপি প্রদর্শন করতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হিসেবে আবেদনকারীকে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধা সংক্রান্ত যাবতীয় সনদপত্রের অনুলিপি জমা দিতে হবে এবং মূলকপি প্রদর্শন করতে হবে। এছাড়াও, শারীরিক প্রতিবন্ধি প্রার্থীর ক্ষেত্রে প্রতিবন্ধী সংক্রান্ত সনদপত্রের অনুলিপি জমা দিতে হবে এবং মূলকপি প্রদর্শন করতে হবে।

৭। **ছাড়পত্র/অনাপত্তিপত্র সংক্রান্তঃ** সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের অফিসিয়াল সীল, স্বাক্ষর ও তারিখ সম্বলিত অনাপত্তিপত্র গ্রহণ করার পর Online-এর মাধ্যমে আবেদন করতে হবে। প্রার্থী উক্ত অনাপত্তিপত্র সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

৮। **বিভাগীয় প্রার্থী সংক্রান্তঃ** বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে উপর্যুক্ত কাগজপত্রাদি সহ যথাযথ কর্তৃপক্ষের (দপ্তর প্রধান) অনুমতি গ্রহণ করতে হবে। অনুমতি গ্রহণ করার পর Online-এর মাধ্যমে আবেদন করতে হবে। প্রার্থী উক্ত অনুমতিপত্র সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

৯। **একটি ডিভাইসে একই সময়ে একাধিক প্রার্থী login করে আবেদন না করার পরামর্শ দেয়া যাচ্ছে। এই ধরনের কার্যক্রমের কারণে আবেদন দাখিল ও Payment সংক্রান্ত কোন জটিলতার সম্মুখীন হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।**

১০। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন করতে এবং আবেদন দাখিলের সকল কার্যক্রম (Payment সহ) সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে। প্রয়োজনে অফিস চলাকালীন সময়ে হটলাইন নাম্বার-০২-২২২২৩০৩০৩ তে যোগাযোগ করা যেতে পারে।

বাপাউবো'র মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ নিয়োগ বিজ্ঞপ্তি জারী করা হলো।

২৮/১০/২৩

(আরিফউজ্জামান খান)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)
মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর
বাপাউবো, ঢাকা।

স্মারক নং-৪২.০১.০০০০.০৩০.১১.০১৫.২৩-১৪৯৫/১(৩০)

তারিখঃ ১৮ অক্টোবর, ২০২৩ খ্রিস্টাব্দ / ০২ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

